দৈনিক বাংলা

তারিখ 27 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৮

55

ইসলামী বিশ্ববিদ্যালয়

# পরীক্ষা নিয়ন্ত্রক ও হিসাব পরিচালক বরখাস্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক কে এম আশরাফ হোসেন এবং হিসাব পরিচালক মোঃ নজরুল ইসলাম চৌধুরীকে দুর্নীতির অভিযোগে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। গত ১৬ জুলাই বিশ্ববিদ্যালয়ের ১০৯তম সিন্ডিকেট বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়।

ইতিপূর্বে তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী গত ১১ ডিসেম্বর '৯৪ সিন্ডিকেটের জরুরী সভায় পরীক্ষা নিয়ন্ত্রক কে এম আশরাফ হোসেন এবং হিসাব পরিচালক মোঃ নজরুল ইসলাম চৌধুরীকে তাদের পদ থেকে সাসপেন্ড করা হয়েছিল। তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী পরীক্ষা নিয়ন্ত্রক কে এম আশরাফ হোসেনের বিরুদ্ধে জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাৎ ও আর্থিক অনিয়মের অভিযোগ এবং হিসাব পরিচালক নজরুল ইসলাম চৌধুরীর বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, আর্থিক অনিয়ম ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ করা হয়েছে।

তারা উভয়েই যোগসাজশে বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে বই ক্রয়ের জন্য বরাদ্দ টাকা থেকে এবং অন্যান্য খাত থেকে সর্বমোট ৬১ হাজার টাকা আত্মসাৎ করে বলে সিন্ডিকেট জানায়।